# বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন

প্লট নং: ই-৫/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা,
শেরেবাংলা নগর, ঢাকা

**স্মারক নম্বরঃ ১৪.৩২.০০০০.০০০.৬০০.৫৩.০০০৩.২১.১৯৯** তারিখঃ ৩০/১১/২০২৫

# IoT/M2M সিরিজের সিম রেজিস্ট্রেশন পদ্ধতি সংক্রান্ত নির্দেশিকা-২০২৫

নভেম্বর ২০২৫

# সূচীপত্র


| ক্রমিক নং | বিষয় | পৃষ্ঠা |
|---|---|---|
| ১ | ভূমিকা | ৩ |
| ২ | নির্দেশিকার উদ্দেশ্য | ৩ |
| ৩ | সংজ্ঞা | ৩ |
| ৪ | আবেদন গ্রহণ, অনুমোদন ও নিবন্ধন সংক্রান্ত নির্দেশনা | ৫ |
| ৫ | সেবা ব্যবহার ও নিয়ন্ত্রণ নির্দেশনা | ৬ |
| ৬ | ডেটা সুরক্ষা ও তথ্য ব্যবস্থাপনা | ৭ |
| ৭ | অডিট ও মনিটরিং | ৮ |
| ৮ | বিবিধ | ৯ |
| ৯ | পরিশিষ্ট (ফর্ম-১০০০, ১০০১, ১০০২, ১০০৩(এ), ১০০৪) | ৯ |

১। ভূমিকা

১.১ তথ্য ও যোগাযোগ প্রযুক্তির বিকাশের ফলে দেশে স্মার্ট ইন্ডাস্ট্রি, স্মার্ট ট্রান্সপোর্টেশন, স্মার্ট সিটি, স্মার্ট গ্রিড/মিটারিং, হেলথকেয়ার, নিরাপত্তা ব্যবস্থাপনা ও অন্যান্য অটোমেশনভিত্তিক সেবায় ইন্টারনেট অব থিংস (IoT) এবং মেশিন টু মেশিন (M2M) প্রযুক্তি ক্রমবর্ধমান হারে ব্যবহৃত হচ্ছে।

১.২ এসব সেবায় ব্যবহৃত সিম কার্ডসমূহকে যথাযথভাবে নিবন্ধন, চিহ্নিতকরণ, মনিটরিং ও নিয়ন্ত্রণ করা না হলে জাতীয় নিরাপত্তা, অপরাধ তদন্ত, গ্রাহক সুরক্ষা এবং টেলিযোগাযোগ নেটওয়ার্কের স্থিতিশীলতা বিঘ্নিত হওয়ার আশঙ্কা রয়েছে।

১.৩ উপর্যুক্ত বিষয়সমূহ বিবেচনায় রেখে IoT/M2M সিরিজের সিমসমূহের নিবন্ধন, ব্যবহার ও নিয়ন্ত্রণের ক্ষেত্রে অভিন্ন ও স্বচ্ছ নীতিমালা প্রণয়নের লক্ষ্যে “IoT/M2M সিরিজের সিম রেজিস্ট্রেশন পদ্ধতি সংক্রান্ত নির্দেশিকা-২০২৫” জারি করা হলো।

২। নির্দেশিকার উদ্দেশ্য

এই নির্দেশিকার মূল উদ্দেশ্যসমূহঃ

(ক) IoT/M2M সিম নিবন্ধন প্রক্রিয়াকে সহজ, মানসম্মত, সুরক্ষিত ও নিয়ন্ত্রণ করা।

(খ) কর্পোরেট গ্রাহকের অনুকূলে ইস্যুকৃত IoT/M2M সিমসমূহকে জাতীয় পরিচয়পত্র (NID) ও অন্যান্য (প্রযোজ্য ক্ষেত্রে) পরিচয় যাচাইয়ের মাধ্যমে CBVMP (Central Biometric Verification Monitoring Platform), CSRA (Corporate Subscriber Registration Automation) এবং প্রযোজ্য ক্ষেত্রে NEIR (National Equipment Identity Register)–এর সাথে সমন্বয় সাধন করা।

(গ) প্রতিটি IoT/M2M সিমের সাথে ব্যবহার উপযোগী ডিভাইস (IMEI বা সমমানের শনাক্তকারী) ও ব্যবহার উদ্দেশ্য স্পষ্টভাবে ট্যাগ করে আইন-প্রয়োগকারী সংস্থা ও নিয়ন্ত্রক সংস্থার জন্য কার্যকর ট্র্যাকিং ও মনিটরিং নিশ্চিত করা।

(ঘ) IoT/M2M সিম অপব্যবহার, অননুমোদিত বিক্রয় ও ব্যক্তি পর্যায়ে পুনঃবন্টন রোধ করা এবং বিধি লঙ্ঘনের ক্ষেত্রে স্পষ্ট দায় ও দায়িত্ব নির্ধারণ করা।

৩। সংজ্ঞা

বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোনো কিছু না থাকলে এই নির্দেশিকায়-

৩.১ “কমিশন” অর্থ বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (বিটিআরসি) বোঝাবে।

৩.২ “অপারেটর” অর্থ সরকার কর্তৃক প্রদত্ত বৈধ লাইসেন্সপ্রাপ্ত মোবাইল টেলিযোগাযোগ সেবা প্রদানকারী প্রতিষ্ঠানকে বোঝাবে।

৩.৩ “কর্পোরেট গ্রাহক”/“কর্পোরেট প্রতিষ্ঠান” অর্থ সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত, বেসরকারি, নিবন্ধিত ব্যবসায়িক প্রতিষ্ঠান বা সংগঠন, যাদের অনুকূলে অপারেটর IoT/M2M সিম ইস্যু করা হয়, তাদের বোঝাবে।

৩.৪ "IoT (Internet of Things)" অর্থ এমন ব্যবস্থাকে বোঝাবে, যেখানে বিভিন্ন সেন্সর, ডিভাইস বা যন্ত্রপাতি টেলিযোগাযোগ/ডেটা নেটওয়ার্কের মাধ্যমে পরস্পর ও কেন্দ্রীয় সিস্টেমের সাথে স্বয়ংক্রিয়ভাবে ডেটা আদান-প্রদান করে।

৩.৫ "M2M (Machine to Machine)" অর্থ দুই বা ততোধিক মেশিন/ডিভাইসের মধ্যে টেলিযোগাযোগ নেটওয়ার্কের মাধ্যমে সরাসরি (মানব হস্তক্ষেপ ছাড়া অথবা সীমিত হস্তক্ষেপে) ডেটা আদান-প্রদান ও নিয়ন্ত্রণ প্রক্রিয়া।

৩.৬ "IoT/M2M সিম" অর্থ কমিশন কর্তৃক নির্ধারিত IoT/M2M সিরিজ থেকে ইস্যুকৃত এমন সিম/সংযোগকে বোঝাবে, যা মূলত ডেটা যোগাযোগ, সেন্সর নেটওয়ার্ক, স্মার্ট মিটারিং, ট্র্যাকিং, ডিভাইস কন্ট্রোল ইত্যাদি মেশিনভিত্তিক সেবায় ব্যবহারের জন্য এবং সাধারণ ভোক্তা ভয়েস সেবার জন্য ব্যবহারযোগ্য নয়।

৩.৭ "IoT/M2M সিরিজ" অর্থ কমিশন কর্তৃক নির্দিষ্টভাবে IoT/M2M সেবা প্রদানের উদ্দেশ্যে বরাদ্দকৃত নম্বর ব্লক/পরিসরকে বোঝাবে, যা সাধারণ গ্রাহক নম্বর সিরিজ থেকে পৃথক থাকবে।

৩.৮ "CSRA" বা "Corporate SIM Registration Automation সিস্টেম" অর্থ কমিশন অনুমোদিত এমন ডিজিটাল প্ল্যাটফর্মকে বোঝাবে, যার মাধ্যমে অপারেটরগণ কর্পোরেট গ্রাহকের অনুকূলে সিম নিবন্ধন, তথ্য হালনাগাদ ও অনুমোদন প্রক্রিয়া সম্পন্ন করে।

৩.৯ "CBVMP" বা "Central Biometric Verification Monitoring Platform" অর্থ গ্রাহকের পরিচয় তথ্য বায়োমেট্রিক পদ্ধতিতে যাচাই ও অপারেটরের গ্রাহক নিবন্ধন তথ্যের সাথে সমন্বয়ের জন্য কমিশন অনুমোদিত কেন্দ্রীভূত প্ল্যাটফর্ম।

৩.১০ "NEIR" বা "National Equipment Identity Register" অর্থ মোবাইল/IoT/M2M ডিভাইসের IMEI বা সমমানের ডিভাইস আইডি নিবন্ধন, যাচাই ও নিয়ন্ত্রণের জন্য কমিশন অনুমোদিত কেন্দ্রীভূত সিস্টেম/ডেটাবেস বোঝাবে।

৩.১১ "Key Contact Person (KCP)" অর্থ কোনো কর্পোরেট গ্রাহক/প্রতিষ্ঠানের পক্ষে IoT/M2M সিম ক্রয়, নিবন্ধন, তথ্য হালনাগাদ, ডিভাইস পরিবর্তন ইত্যাদি কার্য সম্পাদনের জন্য অনুমোদিত প্রতিনিধিকে বোঝাবে, যার তথ্য কমিশন ও অপারেটরের নিকট নিবন্ধিত থাকে।

৩.১২ "MSISDN" অর্থ আন্তর্জাতিক মান অনুসারে মোবাইল সাবস্ক্রাইবারের নম্বর (যেমন: 8801XXXXXXXXX), যা নেটওয়ার্কে কোনো সিম/সংযোগকে শনাক্ত করার জন্য ব্যবহৃত হয়।

৩.১৩ "IMEI/ডিভাইস আইডি" অর্থ মোবাইল বা IoT/M2M ডিভাইসের আন্তর্জাতিক মানের স্বতন্ত্র পরিচিতি নম্বর বা কমিশন অনুমোদিত সমমানের অন্য কোনো ডিভাইস শনাক্তকারী।

৩.১৪ "সেবাচুক্তি (Service Agreement)" অর্থ অপারেটর ও কর্পোরেট গ্রাহকের মধ্যে IoT/M2M সেবা প্রদান, ব্যবহার, মাশুল, দায়িত্ব ও দায়বদ্ধতা ইত্যাদি নির্ধারণপূর্বক সম্পাদিত লিখিত চুক্তি।

## ৪। আবেদন গ্রহণ, অনুমোদন ও নিবন্ধন সংক্রান্ত নির্দেশনা

### ৪.১ কর্পোরেট ভিত্তিক নিবন্ধন

(ক) IoT/M2M সিরিজের সিম কেবল কর্পোরেট/প্রাতিষ্ঠানিক/সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত/সংগঠিত ব্যবসায়িক প্রতিষ্ঠানের অনুকূলে ইস্যু করা যাবে।

(খ) কোন প্রতিষ্ঠানকে IoT/M2M সিম বরাদ্দের পূর্বে মোবাইলফোন অপারেটর কমিশন কর্তৃক অনুমোদিত কর্পোরেট গ্রাহক নিবন্ধন নির্দেশনা অনুসরণকরতঃ নিবন্ধন করবে।

(গ) কোন প্রতিষ্ঠানকে কর্পোরেট গ্রাহক হিসেবে নিবন্ধনের লক্ষ্যে বিটিআরসি নির্ধারিত ফর্মসমূহ (যেমন: 1000, 1001, 1002, 1003-A) যথাযথভাবে ইলেক্ট্রনিক্যালি পূরণ করবে।

### ৪.২ CSRA পোর্টালের মাধ্যমে আবেদন ও অনুমোদন

(ক) মোবাইলফোন অপারেটরসমূহ CSRA সিস্টেমের মাধ্যমে IoT/M2M সিমের অনুমোদনের জন্য আবেদন করবে এবং কমিশনের অনুমোদন সাপেক্ষে উক্ত সিমসমূহ সংশ্লিষ্ট কর্পোরেট গ্রাহকদের প্রদান করবে।

(খ) প্রতিটি কর্পোরেট প্রতিষ্ঠানের জন্য কমিশন ও সংশ্লিষ্ট মোবাইলফোন অপারেটর কর্তৃক অনুমোদিত Key Contact Person (KCP) নির্ধারিত থাকবে। KCP–এর জাতীয় পরিচয়পত্র (NID) তথ্য অনুযায়ী বর্তমান বায়োমেট্রিক পদ্ধতিতে সিম নিবন্ধন সম্পন্ন হবে।

(গ) KCP সংশ্লিষ্ট কর্পোরেট প্রতিষ্ঠানের পক্ষ থেকে:

- সিম ক্রয়;
- ব্যবহারকারীর তথ্য হালনাগাদ;
- ডিভাইস পরিবর্তন, সংযোজন ও অপসারণ;
- সিমের বৈধতা যাচাই এবং
- কমিশন ও অপারেটরের নিকট প্রদত্ত তথ্যের যথার্থতার সম্পূর্ণ দায়ভার বহন করবেন।

### ৪.৩ সিরিজ নির্ধারণ ও ফ্ল্যাগিং

(ক) ইস্যুকৃত সকল IoT/M2M সিম কমিশন কর্তৃক নির্ধারিত IoT/M2M সিরিজ থেকে প্রদান করা হবে। এই সিরিজ অন্য কোনো সাধারণ ভোক্তা (Consumer) সিরিজের সাথে মিশ্রিত করা যাবে না।

(খ) IoT/M2M নম্বরসমূহের জন্য CBVMP-এ একটি স্বতন্ত্র ফ্ল্যাগ/আইডেন্টিফায়ার থাকবে, যার মাধ্যমে এই সিরিজের সব নম্বরকে পৃথকভাবে চিহ্নিত ও মনিটর করা যাবে।

(গ) বিদ্যমান যেসব IoT/M2M সিম বর্তমানে সাধারণ সিরিজে রয়েছে, সেগুলোকে নির্দিষ্ট সময়সীমার (কমিশন নির্ধারিত) মধ্যে—



Jy

- CSRA সিস্টেমে রেকর্ড আপডেট, এবং
- CBVMP–এ IoT/M2M ফ্ল্যাগ সংযোজন এর মাধ্যমে পৃথকভাবে চিহ্নিত করতে হবে। কমিশন চাইলে ধাপে ধাপে এগুলোকেও নির্ধারিত IoT/M2M সিরিজে মাইগ্রেশন করার নির্দেশনা দিতে পারবে।

**৪.৪ অনুমোদন ব্যতীত সেবা চালু না করা**

CSRA সিস্টেমে প্রয়োজনীয় তথ্য আপলোড ও কমিশনের অনুমোদন ব্যতীত কোনো IoT/M2M সিম সক্রিয় করা যাবে না।

**৪.৫ ডিভাইস পরিবর্তন, KCP পরিবর্তন ও তথ্য হালনাগাদ**

(ক) নির্দিষ্ট কোনো MSISDN–এর সাথে ট্যাগকৃত ডিভাইস (IMEI/ডিভাইস আইডি) পরিবর্তন হলে, সংশ্লিষ্ট KCP–কে CSRA পোর্টালের মাধ্যমে উক্ত পরিবর্তন নিবন্ধন করতে হবে (ফর্ম-১০০৪) এবং অপারেটরকে তা CBVMP ও NEIR-এ (যদি প্রযোজ্য হয়) আপডেট করতে হবে।

(খ) KCP পরিবর্তন, সংযোজন বা অপসারণের ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান অপারেটরকে লিখিতভাবে অবহিত করবে এবং অপারেটর কমিশনকে CSRA/নির্ধারিত মাধ্যমে প্রতিবেদন করবে। KCP পরিবর্তনের ক্ষেত্রে বায়োমেট্রিক পদ্ধতি অনুসরণ বাধ্যতামূলক।

**৫। সেবা ব্যবহার ও নিয়ন্ত্রণ নির্দেশনা**

**৫.১ ব্যবহারের ক্ষেত্র**

(ক) IoT/M2M সিমসমূহ শুধুমাত্র নিম্নোক্ত উদ্দেশ্যে ব্যবহার করা যাবে—

- ডেটা যোগাযোগ ও টেলিমেট্রি;
- ইলেক্ট্রনিক সেন্সর সংযোগ ও মনিটরিং;
- স্মার্ট মিটারিং (বিদ্যুৎ, গ্যাস, পানি ইত্যাদি);
- মেশিন মনিটরিং ও কন্ট্রোল;
- যানবাহন/সম্পদ ট্র্যাকিং ও ফ্লিট ম্যানেজমেন্ট;
- স্মার্ট সিটি, স্মার্ট বিল্ডিং ও স্মার্ট ডিভাইস ব্যবস্থাপনা;
- শিল্প অটোমেশন ও প্রাসঙ্গিক মেশিন-টু-মেশিন যোগাযোগ এবং
- কমিশন কর্তৃক অনুমোদিত অন্যান্য সেবা।

(খ) IoT/M2M সিমের মাধ্যমে Person-to-Person ভয়েস কল এবং SMS সেবা প্রদান করা যাবে না। তবে ভেহিক্যাল ট্র্যাকিং এবং অনুরূপ ক্ষেত্রে কমিশনের অনুমোদন সাপেক্ষে ভয়েজ ইন-কামিং এবং SMS সুবিধা রাখা যেতে পারে।

(গ) নির্দিষ্ট কন্ট্রোল মেসেজ/সিগন্যালিং/সিস্টেম নোটিফিকেশনের জন্য প্রয়োজনীয় সীমিত মেসেজিং ডেটা ব্যবহারের সুযোগ রাখা যাবে, যা অপারেটর তাদের টেকনিক্যাল কনফিগারেশনের মাধ্যমে নিয়ন্ত্রিতভাবে বাস্তবায়ন করবে।

(ঘ) ব্যক্তিগত সিম দ্বারা গ্রাহকগণ একই সার্ভিস গ্রহন করতে পারবেন, তবে তা IoT/M2M সিম হিসেবে গণ্য করা হবে না।

**৫.২ মনিটরিং ও রিপোর্টিং**

(ক) মোবাইলফোন অপারেটরগণ IoT/M2M সিমের—

- ব্যবহার সীমা;
- সক্ষমতা (Bandwidth/Throughput);
- ব্যবহার ধরণ (Usage Pattern);
- সেক্টরভিত্তিক ব্যবহার (যেমন: Power, Transport, Security ইত্যাদি) মনিটর করবে এবং কমিশনে মাসিক/ত্রৈমাসিক রিপোর্ট জমা দেবে; রিপোর্টের ফরম্যাট কমিশন আলাদাভাবে নির্ধারণ করতে পারবে।

(খ) কোনো IoT/M2M সিম যদি অবৈধ ব্যবসায়িক উদ্দেশ্যে, অথবা ভিওআইপি/স্প্যাম/প্রতারক কার্যক্রমে ব্যবহৃত হয় বলে প্রতীয়মান হয়, তবে তা কমিশনের নির্দেশনা লঙ্ঘন হিসেবে গণ্য হবে এবং বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ আইন-২০০১ (সংশোধিত-২০১০) ও প্রযোজ্য অন্যান্য আইন, বিধি, গাইডলাইন, নির্দেশিকার আলোকে প্রয়োজনীয় প্রশাসনিক, আইনি ব্যবস্থা গ্রহণ করা হবে।

**৫.৩ সিম নিষ্ক্রিয়করণ ও পুনর্ব্যবহার**

(ক) IoT/M2M সিরিজের কোনো নম্বর পরপর ০৩ (তিন) মাস যাবৎ নেটওয়ার্কে সংযুক্ত না থাকলে উক্ত নম্বর অপারেটরের নিজস্ব নীতি অনুযায়ী নিষ্ক্রিয় (Inactive) হিসেবে চিহ্নিত করা যাবে।

(খ) নিষ্ক্রিয় ঘোষণার পর, কমিশনের প্রযোজ্য নির্দেশিকা অনুসরণ করে অপারেটর উক্ত নম্বরসমূহ রিসাইকেল (Recycle) করতে পারবে। তবে রিসাইকেল করার পূর্বে সংশ্লিষ্ট কর্পোরেট গ্রাহক/KCP–কে কমপক্ষে ৩০ দিন সময় দিয়ে আগাম নোটিশ প্রদান করা বাঞ্ছনীয়।

**৫.৪ গ্রাহক অভিযোগ নিষ্পত্তি**

IoT/M2M সিম ব্যবহারে উদ্ভূত গ্রাহক অভিযোগসমূহ দ্রুততার সাথে নিষ্পত্তির জন্য অপারেটরগণ পৃথক অভিযোগ রেজিস্টার/টিকিটিং সিস্টেমে রেকর্ড সংরক্ষণ করবে এবং কমিশনের চাহিদা মোতাবেক তা উপস্থাপন করবে।

**৬। ডেটা সুরক্ষা ও তথ্য ব্যবস্থাপনা**

**৬.১ গোপনীয়তা ও তথ্যের ব্যবহারে সীমাবদ্ধতা**

(ক) সকল মোবাইলফোন অপারেটরকে IoT/M2M গ্রাহক সংক্রান্ত তথ্যের গোপনীয়তা ও অখন্ডতা রক্ষা করতে হবে এবং বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ আইন-২০০১ (সংশোধিত-২০১০) ও প্রযোজ্য অন্যান্য আইন, কমিশন ও আইন-প্রয়োগকারী সংস্থা কর্তৃক প্রদত্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে প্রতিপালন করতে হবে।

(খ) কোনো গ্রাহক বা তৃতীয় পক্ষের ব্যক্তি/প্রতিষ্ঠানের ব্যক্তিগত/মালিকানা বিষয়ক তথ্য তাদের সুস্পষ্ট সম্মতি ব্যতীত ব্যবহার, প্রকাশ বা শেয়ার করা যাবে না; তবে আইন দ্বারা নির্ধারিত ব্যতিক্রমী ক্ষেত্র (যেমন আদালতের আদেশ, আইন-প্রয়োগকারী সংস্থার আইনসম্মত অনুরোধ) এর আওতায় তথ্য প্রদান করা যাবে।

**৬.২ ডেটাবেস ও লগ ব্যবস্থাপনা**

(ক) অপারেটর ও কর্পোরেট প্রতিষ্ঠানসমূহকে IoT/M2M সংযোগসমূহের জন্য পৃথক ও নিরাপদ ডেটাবেস প্রস্তুত, নিয়মিত আপডেট ও রক্ষণাবেক্ষণ করতে হবে, যাতে অন্তত নিম্নোক্ত তথ্য সংরক্ষিত থাকে—

- MSISDN ও IoT/M2M সিরিজ শনাক্তকরণ,
- সংশ্লিষ্ট ডিভাইসের IMEI/ডিভাইস আইডি,
- KCP ও কর্পোরেট প্রতিষ্ঠানের পরিচিতি তথ্য,
- সেবা ব্যবহারের উদ্দেশ্য ও প্রকল্প/সেবা নাম,
- সিম সক্রিয়/নিষ্ক্রিয়করণ, রিসাইকেল ইত্যাদির তারিখ ও সময়,
- ডিভাইস/সংযোগ পরিবর্তনের ইতিহাস ইত্যাদি।

(খ) অপারেটরগণ IoT/M2M সেবা ব্যবহারের লগ ও রেকর্ড কমিশন কর্তৃক সময়-সময় নির্দেশিত ন্যূনতম মেয়াদ পর্যন্ত সংরক্ষণ করবে এবং কমিশনের চাহিদা অনুযায়ী পরিদর্শন/অডিটের জন্য উন্মুক্ত রাখবে।

**৬.৩ সাইবার সিকিউরিটি ব্যবস্থা**

IoT/M2M সংযোগের মাধ্যমে যে প্ল্যাটফর্ম/অ্যাপ্লিকেশন/ক্লাউড সার্ভিস ব্যবহার করা হবে, তার নিরাপত্তা নিশ্চিতকরণে কর্পোরেট গ্রাহক ও অপারেটরকে যৌথভাবে প্রয়োজনীয় সাইবার সিকিউরিটি ব্যবস্থা (Access Control, Encryption, Authentication, Firmware Update Management ইত্যাদি) গ্রহণ করতে হবে, যাতে নেটওয়ার্ক ও জাতীয় গুরুত্বপূর্ণ অবকাঠামো ঝুঁকিতে না পড়ে।

**৭। অডিট ও মনিটরিং**

**৭.১ কমিশনের অডিট ক্ষমতা**

(ক) কমিশন IoT/M2M সিরিজ ব্যবহারের অগ্রগতি, নিরাপত্তা, বিধি প্রতিপালন এবং অপারেটর কর্তৃক গৃহীত প্রযুক্তিগত ও প্রশাসনিক ব্যবস্থাসমূহ যাচাইয়ের জন্য নিয়মিত ও প্রয়োজন অনুযায়ী অডিট ও মনিটরিং কার্যক্রম পরিচালনা করবে।

(খ) কমিশন চাইলে—

- অপারেটরের CSRA–সম্পর্কিত রিপোর্ট,

- IoT/M2M নম্বর সিরিজের ব্যবহার পরিসংখ্যান,
- KCP ও কর্পোরেট গ্রাহকের তালিকা,
- ডিভাইস ম্যাপিং সম্পর্কিত তথ্য লিখিতভাবে বা ডিজিটাল প্ল্যাটফর্মের মাধ্যমে তাৎক্ষণিক সরবরাহের নির্দেশ দিতে পারবে।

**৭.২ অপারেটর কর্তৃক রিপোর্ট প্রদান**

(ক) মোবাইলফোন অপারেটরগণকে কমিশনের নিকট ত্রৈমাসিক (Quarterly) ভিত্তিতে IoT/M2M সিম ব্যবহারের ওপর বিস্তারিত রিপোর্ট জমা দিতে হবে। রিপোর্টের ন্যূনতম বিষয়বস্তু কমিশন সার্কুলার/অফিস আদেশের মাধ্যমে নির্ধারণ করতে পারবে।

(খ) কমিশনের বিশেষ অনুরোধে বা জাতীয় নিরাপত্তা সংশ্লিষ্ট প্রয়োজনে অপারেটরকে নির্ধারিত সময়ের মধ্যে অ্যাড-হক (Ad hoc) রিপোর্ট প্রদান করতে হবে।

**৮। বিবিধ**

(ক) এই নির্দেশিকার কোনো শর্ত, ব্যাখ্যা বা প্রযোজ্যতা সম্পর্কে দ্ব্যর্থতা দেখা দিলে কমিশনের ব্যাখ্যা চূড়ান্ত বলে গণ্য হবে।

(খ) প্রচলিত টেলিযোগাযোগ আইন, বিধি, প্রবিধান, লাইসেন্সের শর্তাবলি এবং কমিশনের অন্যান্য প্রাসঙ্গিক নির্দেশনা এই নির্দেশিকার অংশ হিসেবে বিবেচিত হবে; কোনো অবস্থায় এই নির্দেশিকা ঐ আইন/বিধি/লাইসেন্সের সাথে সাংঘর্ষিক হিসেবে ব্যাখ্যা করা যাবে না।

(গ) কমিশন প্রয়োজন অনুসারে যে কোনো সময় এই নির্দেশিকার শর্তসমূহ সংশোধন, সংযোজন বা বিয়োজন করতে পারবে এবং সেই মোতাবেক অপারেটর ও কর্পোরেট গ্রাহকদের তা অবিলম্বে কার্যকর করতে হবে।

(ঘ) এই নির্দেশিকা জারির তারিখ হতে কার্যকর হবে এবং IoT/M2M সিম নিবন্ধন সম্পর্কিত পূর্বে জারিকৃত যেসব নির্দেশনা এই নির্দেশিকার সাথে সাংঘর্ষিক, সেগুলো এই নির্দেশিকা অনুসারে সংশোধিত/বাতিল বলে গণ্য হবে (প্রযোজ্য ক্ষেত্রে কমিশন পৃথক প্রজ্ঞাপনের মাধ্যমে স্পষ্ট করতে পারবে)।

**পরিশিষ্ট**

-ফর্ম-১০০০, ১০০১, ১০০২, ১০০৩(এ), ১০০৪

৩০/১১/২৫

ব্রিগেডিয়ার জেনারেল এস এম মনিরুজ্জামান
এসজিপি, এএফডব্লিউসি, পিএসসি
মহাপরিচালক
সিস্টেমস্ এন্ড সার্ভিসেস্ বিভাগ
বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন

| | কর্পোরেট সিম ক্রয়ের জন্য বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন কর্তৃক নির্ধারিত ফরম<br>**বিটিআরসি ফরম নং- ২০১৯১০০০** | মোবাইল অপারেটরের লোগো |
|---|---|---|

| ক্রমিক নং | কাগজ পত্রাদির নাম | টিক |
|---|---|---|
| ১ | ক্রয়কারী/ক্রয়কৃত প্রতিষ্ঠানের আবেদন পত্র | |
| ২ | নিম্নোক্ত টেবিলে উল্লিখিত ধরণ অনুযায়ী ক্রয়কারী/ক্রয়কৃত প্রতিষ্ঠানের জন্য নির্ধারিত ডকুমেন্টসমূহ | |
| ৩ | ক্রয়কারী/ ক্রয়কৃত প্রতিষ্ঠানের সাথে মোবাইল অপারেটরের সিম ক্রয়ের চুক্তিনামা | |
| ৪ | প্রতিষ্ঠান প্রধান কর্তৃক নির্ধারিত ফরম্যাটে প্রত্যয়ন পত্র (নমুনা ফরম নং ২০১৯১০০১) | |
| ৫ | মোবাইল অপারেটর কর্তৃক ক্রয়কারী প্রতিষ্ঠান সরেজমিনে পরিদর্শন পূর্বক পরিদর্শন প্রতিবেদন<br>(নমুনা ফরম নং ২০১৯১০০২) | |
| ৬ | নমুনা ফরম নং ২০১৯১০০৩(এ) অনুযায়ী গ্রাহক পরিচিত | |

| TYPE OF ORGANIZATION | REQUIRED DOCUMENT |
|---|---|
| Company | 1) Certificate of Incorporation/Trade License/VAT registration/TIN certificate/BIN |
| Partnership Firm | 1) Partnership Deed/ Trade license/TIN Certificate |
| Proprietorship | 1) Trade license/TIN Certificate |
| Liaison office of Foreign company | 1) Valid Permission of Board of Investment/Confirmation from parent company |
| Governmental body (if required) | 1) Written confirmation from the HOD (on the official pad if available, if official Pad not available then with Organization Seal) |
| Autonomous Body | 1) Written permission of the HOD (on the official pad if available) |
| Educational Institution | 1) Written permission of the HOD (on the official pad if available) |
| Association | 1) Registration document(s), if not registered then application for Registration/ Constitution documents/Resolution of the governing committee |
| NGO | 1) Registration document(s)/ Resolution of the governing committee/request from the Head of NGO |
| Embassy | 1) Confirmation letter from authorized person on the letter head pad |
| Trust | 1) Confirmation letter from trustee/Trust deed |
| Waqf | 1) Confirmation letter from Motowalli/Registration certificate |
| Public Sector or Public Ltd Companies | 1) Certificate of Incorporation/Memorandum & Articles of Association |
| Some other documents that can serve as proof of Company Identity | 1) Memorandum and Articles of Association/Certification of commencement of business/Sales Tax Registration Certificate/Shop and Establishment Certificate |

**উপরোল্লিখিত প্রযোজ্য সকল কাগজ পত্রাদি উক্ত ফরম এর সাথে সংযুক্ত করা হয়েছে।**

| ক্রয়কারী প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা পরিচালক/স্বত্বাধিকারী/চেয়ারম্যান/প্রধান নির্বাহী/অথবা তাদের মনোনীত কোন বিভাগীয় প্রধানের স্বাক্ষর | মোবাইল অপারেটরের প্রতিনিধির স্বাক্ষর | বিটিআরসি প্রতিনিধির স্বাক্ষর |
|---|---|---|
| সিল মোহর | সিল মোহর | সিল মোহর |
| পূর্ণ নাম | পূর্ণ নাম | পূর্ণ নাম |
| পদবি | পদবি | পদবি |
| মোবাইল নাম্বার | মোবাইল নাম্বার | মোবাইল নাম্বার |
| ইমেইল | ইমেইল | ইমেইল |

| | | |
|---|---|---|
| BTRC | কর্পোরেট সিম ক্রয়ের জন্য বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন কর্তৃক নির্ধারিত ফরম<br>**বিটিআরসি ফরম নং- ২০১৯১০০১** | মোবাইল অপারেটরের লোগো |

| অনুমোদিত ব্যক্তির স্বাক্ষরিত সাম্প্রতিক পাসপোর্ট সাইজের ছবি/ Recent passport size photograph signed by the authorized person | Certificate issued by the MD/ Proprietor / Chairman/ HOD/ CEO of the organization<br>প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রত্যয়ন পত্র | প্রতিষ্ঠান প্রধান/ব্যবস্থাপনা পরিচালক/স্বত্ত্বাধিকারী/চেয়ারম্যান/প্রধান নির্বাহী কর্মকর্তা/অথবা তাদের মনোনীত কোন বিভাগীয় প্রধানের স্বাক্ষরিত সাম্প্রতিক পাসপোর্ট সাইজের ছবি/ Recent passport size photograph Signed by the MD/ Proprietor / HoD/Chairman/ CEO of the organization |
|---|---|---|

আমি (জাতীয় পরিচয়পত্র অনুযায়ী পুর্ণ নাম), ব্যবস্থাপনা পরিচালক / স্বত্ত্বাধিকারী / চেয়ারম্যান / প্রধান নির্বাহী কর্মকর্তা/ অথবা তাদের মনোনীত কোন বিভাগীয় প্রধানের স্বাক্ষর ( প্রযোজ্য ডকুমেন্ট অনুযায়ী প্রতিষ্ঠানের নাম ) এই মর্মে প্রত্যয়ন করছি যে আমার প্রতিষ্ঠানের কর্মরত লোকবলের সংখ্যা (সংখ্যা) এবং সেই অনুযায়ী প্রতিষ্ঠানের প্রয়োজনীয় কাজ সম্পাদনের জন্য আমি ( মোবাইল অপারেটরের নাম ) এর ( সিমের সংখ্যা) টি সিম ক্রয় করতে ইচ্ছুক / ক্রয় করেছি। উক্ত সিম সমুহ আমার প্রতিষ্ঠানের অফিসিয়াল কাজ ব্যতিত অন্য কোন কাজে ব্যবহৃত হবেনা / হচ্ছেনা । সিম প্রাপ্তির ৩০ দিনের মধ্যে আমি সিম অনুযায়ী ব্যবহারকারীর তালিকা ( ফরম নং – ২০১৯১০০৩) মোবাইল অপারেটরের মাধ্যমে বিটিআরসি তে প্রেরণ করব। / বর্তমানে বহৃত সিম অনুযায়ী ব্যবহারকারীর তালিকা ( ফরম নং – ২০১৯১০০৩) বিটিআরসি তে প্রেরণের জন্য সংযুক্ত করা হল।

I, ____________________________________________ (Full Name as per NID), Managing Director/Proprietor/Chairman/HOD/CEO of ________________________________________ (Organization Name as per applicable document), hereby certify that I have total ________ employees in my organization and to do all necessary works of the organization I am willing to purchase/have purchased ________ SIMs from____(Mobile Operator name). No SIM shall be used in any other activities other than official works of the organization. Within 30 days from the date of receiving the SIMs, I shall send the list of users (Form No 20191003) to BTRC through _____(Mobile Operator name)/ I have attached the list of users (Form No 20191003) to BTRC through _______(Mobile Operator name).

আমার পক্ষ হতে উক্ত সিম সমুহ এর বায়োমেট্রিক্স ভেরিফিকেশন, উত্তোলন, প্রতিস্থাপন, হস্তান্তর এবং নিষ্ক্রিয়করনের নিমিত্ত অনুমোদিত ব্যক্তির বিবরণ নিম্নে প্রদান করা হলঃ

On behalf of me, below is the authorized person’s details for biometric verification, SIM lifting, SIM replacement, ownership transfer and de-activation request of all the SIMs under my organization:

| | |
|---|---|
| নাম Name | |
| জাতীয় পরিচয়পত্র নাম্বার/ National Identity Card Number | |
| জন্মতারিখ /Date of birth | |
| পদবি/ Designation | |
| আবাসিক ঠিকানা /Residential address | |
| মোবাইল নাম্বার /Mobile number | |
| ইমেইল /Email address | |
| প্রযোজ্য জেলা /Applicable District | |

| | |
|---|---|
| মোবাইল অপারেটরের প্রতিনিধির স্বাক্ষর MNO Representative’s Signature | বিটিআরসি প্রতিনিধির স্বাক্ষর BTRC Representative’s Signature |
| সিল মোহর/Seal | সিল মোহর/ Seal |
| পুর্ণ নাম/ Full name | পুর্ণ নাম/ Full name |
| পদবি/ Designation | পদবি/ Designation |
| মোবাইল নাম্বার/ Mobile no | মোবাইল নাম্বার/ Mobile no |
| ইমেইল/ Email | ইমেইল/ |

স্বাক্ষর

অফিসিয়াল সিল

তারিখ

প্রতিষ্ঠানের নাম

প্রতিষ্ঠানের ঠিকানা

মোবাইল নাম্বার

ইমেইল

| | | |
|---|---|---|
| | *কর্পোরেট সিম ক্রয়ের জন্য বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন কর্তৃক নির্ধারিত ফরম* | মোবাইল অপারেটরের লোগো |
| | **বিটিআরসি ফরম নং- ২০১৯১০০২** | |

প্রতিষ্ঠান পরিদর্শন সম্পন্ন পূর্বক প্রতিবেদন

আমি ( *জাতীয় পরিচয়পত্র অনুযায়ী পূর্ণ নাম*), (*পদবি*) , ((*মোবাইল অপারেটরের নাম*) এই মর্মে প্রত্যয়ন করছি যে আমি/ আমার প্রতিনিধি গত (*তারিখে*) ক্রয়কারী প্রতিষ্ঠানে (*প্রতিষ্ঠানের নাম*) নিবন্ধিত কার্যালয় (*পূর্ণ ঠিকানা*) পরিদর্শনের অস্তিত্ব পাই/পাই নাই।

অতএব উক্ত ক্রয়কারী প্রতিষ্ঠানকে তাদের আবেদিত সিম সমূহ বরাদ্দ দেয়া যেতে পারে/পারে না/

স্বাক্ষর
তারিখ
অফিসিয়াল সিল
পুর্ণ নাম
পদবি
মোবাইল অপারেটরের নাম
মোবাইল নাম্বার
ইমেইল

| বিটিআরসি প্রতিনিধির স্বাক্ষর |
|---|
| সিল মোহর |
| পুর্ণ নাম |
| পদবি |
| মোবাইল নাম্বার |
| ইমেইল |

| | | |
|---|---|---|
| বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন BTRC | *কর্পোরেট সিম ক্রয়ের জন্য বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন কর্তৃক নির্ধারিত ফরম*<br>**বিটিআরসি ফরম নং-২০১৯১০০৩(এ)** | মোবাইল অপারেটরের লোগো |

কর্পোরেট সিম ব্যবহারকারীর তালিকা (সিম প্রাপ্তির ৩০ দিনের মধ্যে প্রদান করতে হলে)

তারিখঃ

| | |
|---|---|
| প্রতিষ্ঠানের নাম | |
| লোকবলের সংখ্যা | |
| সিমের ধরণ (IoT/M2M-Fixed/Mobile) | |
| বরাদ্দকৃত সিমের সংখ্যা | |
| অনুমোদিত ব্যাক্তির নাম | |
| অনুমোদিত ব্যাক্তির আতীয় পরিচয়পত্র নাম্বার | |
| প্রযোজ্য জেলা | |

| ক্রমিক নং | মোবাইল নাম্বার | IMSI নম্বর | ব্যবহারকারীর পূর্ণ নাম | জাতীয় পরিচয়পত্র নাম্বার (বিদেশীদের ক্ষেত্রে পাসপোর্ট নাম্বার) | পদবি | ডিভাইসের IMEI নম্বর |
|---|---|---|---|---|---|---|
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |

(IoT/M2M এবং ডিভাইসে ব্যবহৃত ইন্টারনেট সংযোগের জন্য শুধুমাত্র মোবাইল নাম্বার উল্লেখ করবে)

| ক্রয়কারী প্রতিষ্ঠানের অনুমোদিত ব্যাক্তির স্বাক্ষর | মোবাইল অপারেটরের প্রতিনিধির স্বাক্ষর | বিটিআরসি প্রতিনিধির স্বাক্ষর |
|---|---|---|
| সিল মোহর | সিল মোহর | সিল মোহর |
| পূর্ণ নাম | পূর্ণ নাম | পূর্ণ নাম |
| পদবি | পদবি | পদবি |
| মোবাইল নাম্বার | মোবাইল নাম্বার | মোবাইল নাম্বার |
| ইমেইল | ইমেইল | ইমেইল |

(প্রথমবার সিম ক্রয় করার পর পরবর্তীতে আরও সিম প্রয়োজন হলে এই ফরম ব্যবহার করে পুনরায় জমা দিতে হবে)

| কর্পোরেট সিম ক্রয়ের জন্য বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন কর্তৃক নির্ধারিত ফরম | মোবাইল অপারেটরের লোগো |
|---|---|
| **বিটিআরসি ফরম নং- ২০১৯১০০৪** | |

<u>কর্পোরেট সিম ব্যবহারকারী পরিবর্তন ফরম</u>

তারিখঃ

| ক্রমিক নং | মোবাইল নাম্বার | পুরাতন ব্যবহারকারীর পূর্ণ নাম | জাতীয় পরিচয়পত্র নাম্বার (বিদেশীদের ক্ষেত্রে পাসপোর্ট নাম্বার) | পদবি | নতুন ব্যবহারকারীর পূর্ণ নাম | জাতীয় পরিচয়পত্র নাম্বার (বিদেশীদের ক্ষেত্রে পাসপোর্ট নাম্বার) | পদবি |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |

| ক্রয়কারী প্রতিষ্ঠানের অনুমোদিত ব্যাক্তির স্বাক্ষর | মোবাইল অপারেটরের প্রতিনিধির স্বাক্ষর | বিটিআরসি প্রতিনিধির স্বাক্ষর |
|---|---|---|
| সিল মোহর | সিল মোহর | সিল মোহর |
| পূর্ণ নাম | পূর্ণ নাম | পূর্ণ নাম |
| পদবি | পদবি | পদবি |
| মোবাইল নাম্বার | মোবাইল নাম্বার | মোবাইল নাম্বার |
| ইমেইল | ইমেইল | ইমেইল |